


লাইসেন্স নবায়ন সম্পর্কিত জরুরী নোটিশ

এতদ্বারা বিস্ফোরক পরিদপ্তরে সেবা নিতে আসা সম্মানিত নাগরিকদের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, ০১ নভেম্বর, ২০২৪ হতে বিস্ফোরক পরিদপ্তরের লাইসেন্স নবায়ন সম্পর্কিত সেবাটি মাইগভ প্ল্যাটফর্ম (www.mygov.bd) এ চালু করা হবে। ২০২৫ সালের নবায়নের আবেদনের জন্য বর্তমানে ব্যবহৃত সিস্টেম (www.explosives.com.bd) বন্ধ থাকবে। তাই নবায়ন কার্যক্রমের সাথে সম্পৃক্ত সকল সেবাগ্রহীতা/আবেদনকারী/লাইসেন্সধারী/স্টেকহোল্ডারদেরকে mygov সিস্টেমে রেজিস্ট্রেশন করে নবায়নের আবেদন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, mygov সিস্টেমে রেজিস্ট্রেশন এবং আবেদন সংক্রান্ত ভিডিও টিউটোরিয়াল বিস্ফোরক পরিদপ্তরের ওয়েবসাইটে দেওয়া আছে। মাইগভে নবায়ন সংক্রান্ত সেবাটি খুঁজে পেতে অসুবিধা হলে বিস্ফোরক পরিদপ্তরের ওয়েবসাইটে (www.explosives.gov.bd) প্রবেশ করে “অনলাইন আবেদন” মেনুতে গিয়ে “নবায়ন আবেদন” এ ক্লিক করে সরাসরি প্রবেশ করুন।



(মুহাম্মদ মেহেদী ইসলাম খান)
সহকারী বিস্ফোরক পরিদর্শক
বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
এবং ফোকাল পয়েন্ট, myGov